**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ইথাকায় 21.7 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী ও সমর্থনকে আবাসন নির্মাণকাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

***ওয়েস্ট এন্ড হাইটসে অনসাইট সমর্থকসেবা সহ শক্তি দক্ষ ভবনে 60টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট রয়েছে***

***এই বিনিয়োগ "সাদার্ন টিয়ার সোয়ারিং" ("Southern Tier Soaring ") এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ইথাকায় 21.7 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী ও সমর্থনকে আবাসন নির্মাণকাজ শেষ হয়েছে। ওয়েস্ট এন্ড হাইটস (West End Heights) নামে পরিচিত অতিমাত্রায় শক্তি দক্ষ ভবনটিতে 60টি অ্যাপার্টমেন্ট রয়েছে যার মধ্যে স্বাধীনভাবে বাঁচতে যাদের সমর্থক সেবা প্রয়োজন তাদের জন্য 38টি সংরক্ষিত থাকবে।

"মানসম্পন্ন, সাশ্রয়ী এবং সমর্থক বাসা পাওয়ার সুযোগ, যেখানে নিউ ইয়র্কবাসীরা বাঁচতে ও সমৃদ্ধি করতে পারবে, আমার প্রশাসনের একটি ভিত্তিপ্রস্তর," **গভর্নর হোকল বলেন।** "আমি ওয়েস্ট এন্ড হাইটসের মতো ব্যক্তিগত স্বাস্থ্য এবং নিউ ইয়র্কের জন্য আরো ভালো, সবুজতর ভবিষ্যতের প্রচার করা প্রকল্প সমর্থন করতে পেরে গর্বিত।"

ওয়েস্ট এন্ড হাইটস গভর্নর হোকলের স্টেটব্যাপী আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, ও স্থিতিশীল করার পরিকল্পনার অংশ। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে, গভর্নর একটি নতুন 25 বিলিয়ন ডলারের, পাঁচ বছরের, ব্যাপক আবাসনের পরিকল্পনা সফলভাবে সুরক্ষিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে 10,000 টি হবে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা করা।

ওয়েস্ট এন্ড হাইটস ওয়াশিংটন পার্ক সংলগ্ন একটি পাঁচ তলা এলিভেটর ভবন যেখানে 60টি এক শয়নকক্ষের অ্যাপার্টমেন্ট রয়েছে। নতুন ভবনের জন্য সাইটটি পরিষ্কার করতে পাঁচটি বয়িষ্ণু ভবন ভেঙ্গে ফেলা হয়েছে, নতুন ভবনে ডেভেলপার এবং সমর্থন সেবা প্রদানকারী লেকভিউ

হেলথ সার্ভিসেস (Lakeview Health Services), ইনকর্পোরেশনের জন্য নিচ তলায় অফিস স্পেসও রয়েছে।

পঞ্চান্নটি অ্যাপার্টমেন্ট হলো এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 50 শতাংশ বা তার নিচে উপার্জন করা গৃহস্থালির জন্য এবং ছয়টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে AMI-র 60 শতাংশ বা তার নিচে উপার্জন করা গৃহস্থালির জন্য।

বিশটি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হবে তাদের জন্য যাদের নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য অফিসের (New York State Office of Mental Health, OMH) অর্থায়িত ভাড়া ভর্তুকি এবং সমর্থক সেবা পাওয়ার সুযোগ থাকবে। এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে অর্থায়িত অতিরিক্ত 18টি অ্যাপার্টমেন্ট পূর্বে গৃহহীন থাকা ব্যক্তিদের দেওয়া হবে যারা ভাড়া ভর্তুকি এবং তাদের জন্য তৈরি বিশেষ পরিষেবা প্রদান করা হবে যেমন কাউন্সেলিং, ট্রমা থেকে বের হয়ে আসা, যা OMH পরিচালনা করবে।

সুযোগসুবিধার মধ্যে রয়েছে লন্ড্রি সুবিধা, একটি কমিউনিটি কক্ষ, প্রতি তলায় একটি লাউঞ্জ এলাকা, এবং 24 ঘণ্টার নিরাপদ প্রবেশ। ভবনটি একটি হাঁটার উপযোগী এলাকায় এবং আমেরিকানস উইথ ডিজ্যাবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) প্যারাট্রানজিটসহ পাবলিক বাস লাইন, এবং দোকানপাটের কাছাকাছি অবস্থিত।

ওয়েস্ট এন্ড হাইটস ইথাকার নিজস্ব সবুজ ভবন পলিসি (Green Building Policy) মেনে চলেছে এবং এটি শক্তি ও পরিবেশমূলক নকশায় নেতৃত্বের (Leadership in Energy and Environmental Design certification) এবং এনার্জি স্টার® সনদপ্রাপ্ত বাড়ির কর্মসূচির সংস্করণ 3.1 (ENERGY STAR® Certified Homes Program Version 3.1) এর মাধ্যমে সনদ পাওয়ার চেষ্টা করছে।শক্তি দক্ষ বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স এবং LED বাতি, জানালা, ইন্স্যুলেশন, বাতাস সিল করা এবং অভ্যন্তরীণ বাতাসের মান উন্নয়নের জন্য অতিরিক্ত ব্যবস্থা, প্রাকৃতিক আলোর পূর্ণ সুবিধা গ্রহণ, এবং সার্বিক শক্তি ব্যবহার ও খরচ হ্রাস করা। কেবল এবং ইন্টারনেটের জন্য প্রস্তুত হওয়ার পাশাপাশি, এখানে থাকবে উচ্চ পারফরম্যান্সের সম্পূর্ণ বৈদ্যুতিক হিটিং এবং কুলিং সিস্টেম, প্রতি অ্যাপার্টমেন্টে যার পৃথক নিয়ন্ত্রণ থাকবে।

ওয়েস্ট এন্ড হাইটসের জন্য স্টেটের তহবিলের মধ্যে রয়েছে ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) যা 11.4 মিলিয়ন মার্কিন ডলার ইকুাইটি সৃষ্টি করেছে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) থেকে 4 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) গৃহহীন আবাসন সহায়তা কর্মসূচি (Homeless Housing Assistance Program) থেকে 3.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) নিচু আবাসিক নতুন নির্মাণ কর্মসূচি (Low-Rise Residential New Construction program) থেকে 56,000 মার্কিন ডলার সমর্থন প্রদান করেছে। কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশন (Community Preservation Corporation, CPC) নির্মাণের অর্থায়ন হিসেবে 8.1

মিলিয়ন মার্কিন ডলার এবং 1.8 মিলিয়ন মার্কিন দলের স্থানীয় তহবিল প্রদান করে। টম্পকিন্স কাউন্টি কমিউনিটি আবাসন নির্মাণ তহবিল (Tompkins County Community Housing Development Fund) 250,000 মার্কিন ডলার প্রদান করেছে।

প্রকল্পটি 2022 আমেরিকান ইনস্টিটিউট অফ আর্কিটেক্টস (American Institute of Architects, AIA) নিউ ইয়র্ক স্টেট - এক্সেলসিয়র মেরিট অ্যাওয়ার্ড (Excelsior Award of Merit) পেয়েছে, এটি একটি স্টেটব্যাপী পুরস্কার যা সরকারি অর্থায়নের প্রকল্পে নকশার শ্রেষ্ঠত্বকে স্বীকৃতি দান করে।

**হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিসনাউস্কাস বলেন,** "ওয়েস্ট এন্ড হাইটস এমন উচ্চমানের শক্তি দক্ষ বাসা প্রদান করে যা নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য এবং একই সাথে ইথাকা শহরের অর্থনৈতিক বিকাশ লক্ষ্য অগ্রসর করতে সাহায্য করে। এই 60টি অ্যাপার্টমেন্ট এবং এদের সাথে সংযুক্ত সেবাগুলি বাসিন্দাদের জন্য অমূল্য, এবং সবুজ নকশা সম্পূর্ণ সম্প্রদায়ের জন্য লাভজনক হবে। হোমস এবং কমিউনিটি রিনিউয়ালে আমরা আমাদের অঙ্গীকারবদ্ধ, সহানুভূতিশীল অংশীদারদের যেমন লেকভিউ হেলথ সার্ভিসেস, এবং গভর্নর হোকলের সমর্থন পেয়ে সর্বদা কৃতজ্ঞ, গভর্নর প্রতিনিয়ত প্রমাণ করছেন যে তিনি ব্যক্তি, সম্প্রদায়, এবং স্টেটের জন্য আমাদের প্রদত্ত আবাসনের মূল্য বরণ করে নিচ্ছেন।"

**টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন,** "গৃহহীনতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসী প্রায়ই এমন অন্তর্নিহিত সমস্যার সম্মুখীন হয় যা তাদের আবাসন অস্থিতিশীলতা বৃদ্ধি করে দিতে পারে। ওয়েস্ট এন্ড হাইটসের মতো যেসকল নির্মাণকাজ সাশ্রয়ী আবাসন ও সমর্থক সেবার সংযোগ করে, সেগুলি এই ব্যক্তি ও তাদের পরিবারকে একটি স্বাধীন অবস্থায় মর্যাদা নিয়ে বেঁচে থাকার প্রয়োজনীয় সংস্থান প্রদান করে। গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির দ্বারা অর্থায়িত প্রকল্পসমূহের প্রতি গভর্নর ক্যাথি হোকলের অব্যাহত সমর্থন আমাদের পুরো স্টেটে আবাসন অস্থিতিশীলতা সমাধানে তার দৃঢ় সংকল্প প্রদর্শন করে।"

**নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন,** "আমরা ওয়েস্ট এন্ড হাইটস প্রকল্পের নতুন সমর্থক সাশ্রয়ী আবাসন প্রকল্পের উদ্বোধন হতে দেখে আনন্দিত, এটি ইথাকার সবথেকে দুঃস্থ বাসিন্দাদের জন্য স্বাস্থ্যকর,শক্তি দক্ষ এবং জলবায়ুবান্ধব বাসা পাওয়ার সুযোগ বৃদ্ধি করে। এই প্রকল্পটি এবং এটির মতো অন্যান্য প্রকল্প ভবন থেকে ক্ষতিকর নিঃসরণ হ্রাস করতে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতি প্রদর্শন করে এবং একইসাথে নিশ্চিত করে যে একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে রূপান্তর করা হলে তা যাতে সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমান লাভজনক হয়।"

**নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,** "মানসিক অসুস্থতা নিয়ে বেঁচে থাকা এবং তা থেকে সেরে উঠতে থাকা মানুষের জন্য সমর্থক আবাসন একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।যথাযথ পরিষেবাসহ একটি নিরাপদ ও স্থিতিশীল আবাস স্থিতিস্থাপকতার প্রচার করে এবং এমন একটি ভিত্তি প্রদান করে যা

মানসিকভাবে অসুস্থ মানুষদের নিজেদের সম্প্রদায়ে সফলভাবে জীবনযাপন করতে দেয়।ওয়েস্ট এন্ড হাইটস ক্লায়েন্টদের জন্য মানসম্পন্ন আবাসন প্রদান করবে যা তাদের পুনরুদ্ধার ও স্বাধীনতাকে উৎসাহিত করবে।"

**স্টেটের সিনেটর টম ও'মারা বলেন,** "ওয়েস্ট এন্ড হাইটস ইথাকা সম্প্রদায়ের একটি আকর্ষণীয় নতুন সংযোজন।স্টেটের বিনিয়োগ এবং লেকভিউ হেলথ সার্ভিসেসের সাথে অংশীদারিত্বের সমর্থন নিরাপদ ও সাশ্রয়ী আবাসনকে এবং স্থানীয় অনেক বাসিন্দার জন্য সমর্থক সেবাকে উন্নত করবে, এবং একই সাথে পুরো সম্প্রদায়ের সার্বিক বুনন ও মানকে দৃঢ় করবে।"

**অ্যাসেম্বলি সদস্য আনা কেলেস বলেন,** "কাউন্টিটির সাশ্রয়ী ও সমর্থক আবাসনের ব্যাপক চাহিদা রয়েছে। লেকভিউ হেলথ সার্ভিসেস অনেক বছর ধরে নিরাপদ, মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসন এবং পুরো দিনের পরিষেবা প্রদান করে যাচ্ছে। ওয়েস্ট এন্ড হাইটস প্রকল্পটি সম্প্রদায়ের জন্য একটি আশীর্বাদ হয়ে উঠবে, এমন একটি সময়ে যখন আমাদের আবাসন চাহিদা অনেক বেড়ে গিয়েছে।"

**ইথাকার ভারপ্রাপ্ত মেয়র লরা লুইস বলেন,** "আমি খুশি যে ওয়েস্ট এন্ড হাইটস 60টি সাশ্রয়ী আবাসন ইউনিট তৈরি করেছে যার মধ্যে অর্ধেকের বেশি তাদের জন্য সংরক্ষিত থাকবে যাদের স্বাধীনভাবে বাঁচতে সমর্থক সেবা প্রয়োজন। এটি আমাদের সম্প্রদায়ের জন্য একটি সম্পদ। আমি ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট কর্মসূচি, এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগ, হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, সমর্থক আবাসন সুযোগ কর্মসূচি (Supportive Housing Opportunity Program), গৃহহীন আবাসন সহায়তা কর্মসূচি, NYS মানসিক স্বাস্থ্য অফিস, টম্পকিন্স কাউন্টি কমিউনিটি আবাসন নির্মাণ তহবিল, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ, নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের নিচ আবাসিক নতুন নির্মাণ কর্মসূচি, এন্টারপ্রাইজ সবুজ সম্প্রদায় কর্মসূচি (Enterprise Green Communities Program) এবং লেকভিউ হেলথকেয়ার সার্ভিসেসকে ধন্যবাদ জানাতে চাই কারণ তারা বুঝতে পেরেছেন যে আমাদের সবথেকে দুঃস্থ বাসিন্দাদের জন্য একাধিক সংস্থান ও চাকরির সুযোগের কাছাকাছি স্থানে একটি নিরাপদ ও সমর্থক পরিবেশে আবাসন প্রদান করা কতটা গুরুত্বপূর্ণ।"

**টম্পকিন্স কাউন্টি আইনসভার প্রধান শনা ব্ল্যাক বলেন,** "আমি আমাদের সম্প্রদায়ে এই নতুন আবাসন নির্মাণ নিয়ে গর্বিত, এটি ঠিক সেই ধরনের আবাসন যা আমাদের সম্প্রদায়ের সর্বাধিক দুঃস্থ কিছু সদস্যকে আবাস ও সমর্থন দিয়ে সাহায্য করবে। এটি শুধু নিম্ন আয়ের বাসিন্দাদের সাহায্য করবে না, বরং এটি গৃহহীনতায় ভুগতে থাকা মানুষদেরকেও আবাসন ও সম্প্রদায়ের সমর্থন উভয় দিয়ে সাহায্য করবে। লেকভিউ হেলথ সার্ভিসেস এবং নিউ ইয়র্ক স্টেটকে তাদের বিনিয়োগ এবং অংশীদারিত্বের জন্য ধন্যবাদ, এটি একটি অনুপ্রেরণাদায়ক প্রকল্প এবং নতুন আবাসন যা পেয়ে আমাদের সম্প্রদায় কৃতজ্ঞ।"

**লেকভিউ হেলথ সার্ভিসেসের প্রধান নির্বাহী কর্মকর্তা ডাঃ হ্যারি মেরিম্যান বলেন,** "আমাদের প্রধান লক্ষ্যগুলির একটি হলো আমাদের সম্প্রদায়ে যাদের প্রয়োজন তাদেরকে

সমর্থক সেবাসহ সাশ্রয়ী, স্থিতিশীল, এবং নিরাপদ আবাসন প্রদান করা। আমরা ইথাকায় এই লক্ষ্য অগ্রসর করার স্বপ্ন দীর্ঘদিন ধরে দেখছি, এবং ওয়েস্ট এন্ড হাইটস খুলে দেওয়া সেই স্বপ্নের স্পষ্ট বাস্তবায়ন। আমরা ইথাকা শহর এবং আমাদের নিউ ইয়র্ক স্টেট এজেন্সি অংশীদারদের থেকে পাওয়া সমর্থন নিয়ে বিশেষভাবে কৃতজ্ঞ: হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, মানসিক স্বাস্থ্য অফিস, গৃহহীন আবাসন সহায়তা কর্পোরেশন। এই সুন্দর ভবনটি নির্মাণে তাদের বিনিয়োগ এবং সহযোগিতা আগামী অনেক বছরের জন্য ইথাকা সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নত করবে।"

**কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশন নেইবারহুড মর্টগেজ কর্মকর্তা প্যাট্রিক মিলার বলেন,** "ওয়েস্ট এন্ড হাইটস প্রকল্পটি সম্প্রদায়ের অনন্য চাহিদা পূরণে আবাসন ক্ষেত্রে মিশনচালিত বিনিয়োগের ক্ষমতা প্রদর্শন করে। সুন্দর এই নতুন ভবনটি ইথাকা সম্প্রদায়ের একটি নোঙ্গর হিসেবে কাজ করবে, মানসম্পন্ন সাশ্রয়ী আবাসনের একটি অত্যাবশ্যকীয় উৎস হয়ে উঠবে যা একটি নিরাপদ ও সমর্থক পরিবেশ প্রদান করবে যেখানে ভাড়াটিয়ারা তাদের প্রাপ্য মর্যাদা ও সম্মান নিয়ে বাস করতে পারে। আমি লেকভিউ হেলথ সার্ভিসেসে আমাদের অংশীদারদেরকে ইথাকা সম্প্রদায়ের প্রতি তাদের ভিশন ও প্রতিশ্রুতির জন্য, হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস ও তার দলকে CPC-র সাথে তাদের বহু বছরের অংশীদারিত্বের জন্য, এবং NYS মানসিক স্বাস্থ্য অফিসকে তাদের কাজ ও সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

**জাতীয় ইক্যুইটি তহবিলের (National Equity Fund) ভাইস প্রেসিডেন্ট এবং আঞ্চলিক ব্যবস্থাপক এমিলি চেন বলেন,** "জাতীয় ইক্যুইটি তহবিলের মিশন হলো সাশ্রয়ী আবাসনের সৃষ্টি ও সংরক্ষণ সম্প্রসারণ করতে উদ্ভাবনী, সহযোগিতামূলক আর্থিক সমাধান প্রদান করা। লেকভিউ হেলথ সার্ভিসেসের মতো অংশীদারগণ সমর্থক আবাসন সংযুক্ত করতে এবং একইসাথে সাধারণ সাশ্রয়ী আবাসন চাহিদা পূরণ করতে দুর্দান্ত সৃজনশীলতা ও অঙ্গীকার প্রদর্শন করেছে।স্টেটের এজেন্সি পর্যায়ে আমাদের অংশীদারগণ ওয়েস্ট এন্ড হাইটসকে এর বাসিন্দা ও সম্প্রদায়ের জন্য বাস্তবে পরিণত করার অবিচ্ছেদ্য অংশ।"

**সাউদার্ন টিয়ার সোরিংকে ত্বরান্বিত করা**

আজকের ঘোষণার সম্পূরক সাউদার্ন টিয়ার সোরিং এই এলাকায় অনেক অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে নকশাকৃত পরিকল্পনাটি একটি প্রতিভাবান কর্মীদল, ক্রমবর্ধমান ব্যবসা এবং উদ্ভাবন আকর্ষণের দিকে ফোকাস করে। বর্তমানে, অঞ্চলটি আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে 500 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ দিয়ে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ বেসরকারি ব্যবসাগুলিকে 2.5 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করতে প্রণোদিত করবে - এবং এই অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী অনুমিত হচ্ছে যে 10,200টি নতুন কর্মসংস্থান হবে। আরো তথ্য এখানে পাবেন৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418